গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-২(সমন্বয়, এপিএ ও আইসিটি)
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১৯.৩২.০৩২.২১(অংশ-২)- ৫৪ তারিখ:২২/০২/২০২৩খ্রি.

## নোটিশ

বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন মাঠপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান।

আগামী ২৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. তারিখ রবিবার বিকাল ২:৩০টায় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩-এর ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর এক ফিডব্যাক সভা অনলাইন জুম প্লাটফর্মে (**আইডি: 64612096687, পাসওয়ার্ড: 190986)** অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন প্রকৌ. মোঃ জয়নাল আবেদীন, পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর।

সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে সংযুক্ত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
(নিজাম উদ্দিন আহমেদ)
সহকারী পরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
০১। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও,ঢাকা।
০২। অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ (সকল)।
০৩। অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল)
০৪। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
০৫। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (সকল)।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১৯.৩২.০৩২.২১(অংশ-২)- ৫৪ তারিখ:২২/০২/২০২৩খ্রি.
অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৩। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয় (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি সংশ্লিষ্ট সকলের ই-মেইলে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬। সংরক্ষণ নথি।

২২/০২/২০২৩
(নিজাম উদ্দিন আহমেদ)
সহকারী পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-২ ( সমন্বয়, এপিএ ও আইসিটি)
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
ওয়েব: www.techedu.gov.bd

**বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক সভার কার্যবিবরণী।**

সভাপতি : প্রকৌ. মোঃ জয়নাল আবেদীন, পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
সভার তারিখ : ২৬ ফেব্রুয়ারি ২০২৩ রবিবার
সময় : দুপুর ০২.৩০ টা
সভার স্থান : অন-লাইন Zoom Meeting প্লাটফর্ম
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক' সদয় দ্রষ্টব্য

সভাপতি সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি ও মূল্যায়ন প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান করার জন্য সহকারী পরিচালক-২ কে আহ্বান জানান। সহকারী পরিচালক-২, অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহ কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান করেন। তিনি অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহ কর্তৃক দাখিলকৃত অগ্রগতি প্রতিবেদনের ত্রুটিসমূহ উল্লেখ করে সকল প্রতিষ্ঠান প্রধানগণকে মন্ত্রিপরিষদ বিভাগের কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকায় উল্লেখিত ফরম্যাট ও নির্দেশনা মোতাবেক অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত ও দাখিলের অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সংশোধন; | ১.১। কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহ কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর পরিবীক্ষণ ও মূল্যায়ন ফিডব্যাক প্রদান করা হয়। এতে উল্লেখ করা হয় যে, কিছু সংখ্যক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ফরম্যাট সংশোধন প্রয়োজন। উক্ত কর্মপরিকল্পনার ৩.১ সূচকে অব্যশিকভাবে ''সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে সেব গ্রহীতার মতামত সংরক্ষণ'' সূচকটি থাকতে হবে। তাছাড়া পরিবীক্ষণ ও মূল্যায়ন ফিডব্যাকে উল্লিখিত অসামঞ্জস্যতা (সংলাগ-১) সংশোধনপূর্বক যথাযথ প্রমানকসহ প্রতিবেদন দাখিল করার নির্দেশনা প্রদান করা হয়; | ১.১.১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল নির্দেশিকা অনুসারে সংশোধনপূর্বক এ দপ্তরে দাখিল করতে হবে; | অধ্যক্ষ (সকল), অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহ |
| ২। অযাচিত ও অতিরিক্ত তথ্যাদি প্রেরণ; | ২.১। একই সূচকে একাধিক প্রমানক হলে সারসংক্ষেপসহ তথ্য প্রেরণ এবং প্রমানকের ক্রমভিত্তিক সূচি প্রণয়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়; | ২.১.১। অযাচিত ও অতিরিক্ত তথ্যাদি প্রেরণ থেকে বিরত থাকতে হবে;<br>২.১.২। প্রমাণকসমূহের পৃষ্ঠাক্রম ও প্রমাণকের ক্রমভিত্তিক সূচি প্রণয়ন করে প্রেরণ করতে হবে; | অধ্যক্ষ (সকল), অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহ |

| | | | |
|---|---|---|---|
| | | ২.১.৩। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা অনুসরণপূর্বক একই সূচকে একাধিক প্রমাণক হলে সারসংক্ষেপ দাখিল করতে হবে; | |
| ৩। এপিএ ক্যালেন্ডার এবং নির্দেশিকা অনুসরণপূর্বক যথাসময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ; | ৩.১। সভায় এপিএ ক্যালেন্ডার অনুযায়ী ৩য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ১৫ এপ্রিল ২০২৩ তারিখের মধ্যে এপিএএমএস সফটওয়্যারে দাখিল ও সংযোজনী (৪-৮) হার্ড কপি এ দপ্তরে প্রেরণ করার জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হয়; | ৩.১.১। ১৫ এপ্রিল ২০২৩ তারিখের মধ্যে আওতাধীন সকল প্রতিষ্ঠান ৩য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন এপিএএমএস সফটওয়্যারে দাখিল ও সংযোজনী (৪-৮) হার্ড কপি এ দপ্তরে প্রমাণকসহ প্রেরণ করতে হবে। | অধ্যক্ষ (সকল), অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহ |

আলোচনান্তে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/০২/২০২৩

(প্রকৌ. মোঃ জয়নাল আবেদীন)
পরিচালক (প্রশাসন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১৯.৩২.০৩২.২১(অংশ-২)-৫৯ তারিখ: ২৬/০২/২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৩। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয় (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৪। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ (টিটিটিসি), ঢাকা।
০৫। অধ্যক্ষ, সিলেট/ ফরিদপুর/ময়মনসিংহ/বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ।
০৬। অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল)।
০৭। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট (ভিটিটিআই), বগুড়া।
০৮। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (সকল)।
০৯। সহকারী পরিচালক (১/৩/৪/৫/৬/৭/৮/৯), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা(পত্রটি সংশ্লিষ্টদের মেইলে প্রেরণের অনুরোধসহ)।
১১। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। সংরক্ষণ নথি।

২৬/০২/২০২৩

(নিজাম উদ্দিন আহমেদ)
সহকারী পরিচালক (শাখা-০২)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


Principal Glass...
JASHORE POLYT...
Haider,Principal,...
Principal Debiganj TSC
Principal Glass & Ceramic
JASHORE POLYTECHNIC...
Haider,Principal,inch,Na...
58008, Principal...
Mirza Mahmud...
TSCGaibandha
58008, Principal, TSC Ne...
70307-Raozan TSC
Mirza Mahmudul Hasan,...
TSCGaibandha
3/8
Regional Direct...
Sreebash's A32
Joypara TSC
Regional Director Rajsh...
Sreebash's A32
Instructor ( physics) Pirg...
Joypara TSC
Md. Salahuddin...
Shyamnagar Tsc
Dumuria Techni...
Md. Salahuddin Ahmed_...
Shyamnagar Tsc
AKM Rafiqul Amin, Princ...
Dumuria Technical Scho...
MD. Mizanur R
Nizam Uddin A
14gram Tsc (G
19. Habib (Gue
1fl9o1sSlwhc3
20099, Bogura
21064, Abdur
21064, Naogao
25064 Sirajgan
39051, Principa
49021 Munshig
Invite
Security
189
Participants
Share Screen
Reactions
Apps
Whiteboards
More
End
search
Desktop
80°F